দামুড়হুদায় বীর মুক্তিযোদ্ধা আনছার উদ্দিনের রাষ্টীয় মর্যাদায় দাফন

দামুড়হুদায় বীর মুক্তিযোদ্ধা আনছার উদ্দিনের রাষ্ট্রীয় মর্যাদায় দাফন সম্পন্ন হয়েছে। গতকাল মঙ্গলবার বিকাল ৪ টার দিকে নিজ বাড়িতে মারা যায় (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

বীর মুক্তিযোদ্ধা আনছার উদ্দিন দীর্ঘ দিন কিডনি ও লিভার রোগে ভুগছিলেন। মৃতুকালে তার বয়স হয়েছিল (৭৪) বছর। আনছার উদ্দিনের বড় ছেলে বলেন রাত ৯ টার সময় জানাযা শেষে রাষ্ট্রীয় মর্যাদায় সামাজিক কবরস্থানে দাফন করা হবে।

নিহতের কফিনে সালাম প্রদর্শন করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা বেগম। এসময় দর্শনা থানার এস আই শামিমের নেতৃত্বে জেলা পুলিশ বাহিনীর সদস্যবৃন্দ গার্ড ওফ অনার দেন।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার রুস্তম আলী, বীর মুক্তিযোদ্ধা তমছের, বদরুল আলম ফিটটু, রহমান, আলতাফ, আলাউদ্দিন, সিরাজুল, মশিউর রহমান, নুরে আলম।

সাংবাদিক ও বিভিন্ন সামাজিক সংগঠন সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। তার মৃত্যুতে শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা ও রুহের মাগফেরাত কামনা করে শোক প্রকাশ করেছেন চুয়াডাঙ্গা ২ আসনের সাংসদ হাজী মোঃ আলী আজগার টগর ও দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা বেগম।

চুয়াডাঙ্গায় গাছ থেকে পড়ে

শ্রমিকের মর্মান্তিক মৃত্যু

চুয়াডাঙ্গায় গাছ কাটতে যেয়ে পা পিছলে পড়ে সেলিম হোসেন (৪৫) নামের এক গাছ কাটা শ্রমিকের মৃত্যু হয়েছে। সেলিম হোসেন চুয়াডাঙ্গা সদর উপজেলার পদ্মবিলা ইউনিয়নের হায়দারপুর গ্রামের বাসিন্দা।

গতকাল সোমবার বেলা ৩টার সময় চুয়াডাঙ্গা রেল বাজার অদূরে রাস্তার উপর অবস্থিত পুরাতন গাছ কাটতে যেয়ে এই দুর্ঘটনা ঘটে। জানা যায়, সেলিম হোসেন গাছ কাটার শ্রমিক হিসেবে কাজ করেন।

প্রতিদিনের ন্যায় চুয়াডাঙ্গা রেল বাজারের রাস্তার উপর অবস্থিত পুরাতন গাছ কাটতে যান তিনি এ সময় গাছের ডাল কাটতে যেয়ে ৪০ ফিট উচ্চতা থেকে পা পিছলে অসাবধানতাবশত তিনি গাছ থেকে রাস্তার ওপর পড়ে গুরুতর আহত হন।

এ অবস্থায় অন্য গাছ কাটা শ্রমিক ও স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে গেলে দায়িত্বরত চিকিৎসক তাকে প্রাথমিক চিকিৎসা প্রদান করে রাজশাহী মেডিকেলে রেফার্ড করেন। আজ মঙ্গলবার রাজশাহী মেডিকেলে বেলা সকাল ১০ টার সময় মৃত্যু হয় তার।

পরিবার সূত্রে জানা গেছে, চুয়াডাঙ্গা সদরের শংকরচন্দ্র ইউনিয়নের মসজিদ পাড়া নিবাসী শান্তি রহমানের ৬ ছেলেমেয়ের মধ্যে বড় ছেলে সেলিম হোসেন (৪৫)। বর্তমানে সেলিম হোসেন চুয়াডাঙ্গা সদরের পদ্মবিলা ইউনিয়নের হায়দারপুর গ্রামে বসবাস করতেন।

হায়দাপুর গ্রামের আমান জানান, সেলিম হোসেনের তিন কন্যা সন্তান ও একটি পুত্র সন্তানের জনক। তিন কন্যা সন্তানের বিবাহিত হলেও পুত্রসন্তান নবালক। পরিবারের একমাত্র উপার্জনকারী ব্যক্তি ছিলেন তিনি।

পরিবারের একমাএ উপার্জনকারি ব্যক্তিকে হারিয়ে দিশেহারা পরিবারের লোকজন। মঙ্গলবার রাত বারোটার সময় চুয়াডাঙ্গা সদর উপজেলা পদ্মবিলা ইউনিয়নের হায়দার পুর গ্রামের ঈদগাহ মাঠে তাকে জানাজা করিয়ে হায়দার পুর কেন্দ্রীয় কবরস্থান দাফন কার্য সম্পন্ন করা হয়।

বঙ্গবন্ধুকে হত্যা করে জাতিকে স্বাধীন বাংলাদেশের স্বত্তাকে ভূলুণ্ঠিত করার চেষ্টা করা হয়েছিল

যথাযোগ্য মর্যাদার সহিত দর্শনায় বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের ৪৭ তম শাহাদত বার্ষিকী পালিত হয়েছে। দর্শনা পৌর যুবলীগের আয়োজনে সোমবার বিকাল ৪ টায় দর্শনা অডিটোরিয়াম কাম কমিউনিটি সেন্টার চত্বর থেকে চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আহব্বায়ক নঈম হাসান জোয়ার্দারের নেতৃত্বে এক শোক র্যালী বের হয়ে দর্শনার প্রধান-প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে অডিটোরিয়ম কাম কমিউনিটি সেন্টারে এসে মিলিত হয়।

এরপর সেখানে দর্শনা পৌর যুবলীগের সভাপতি আশরাফুল আলম বাবু’র সভাপতিত্বে আলোচনা সভায় অনুষ্ঠানের প্রধান অতিথির বক্তব্যে চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আহব্বায়ক নঈম হাসান জোয়ার্দার বলেন, স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে হত্যা করে জাতিকে কেবল কলঙ্কিত করা হয়নি-স্বাধীন বাংলাদেশের স্বত্তাকে ভূলুণ্ঠিত করার চেষ্টা করা হয়েছিল। চেষ্টা করা হয়েছিল স্বাধীনতার স্বপক্ষ শক্তিকে নির্মূল করার।

কিন্তু সেই আকাঙ্খা পূরণ হয়নি কুচক্রী ঘাতক গোষ্ঠীর। বঙ্গবন্ধুর উত্তরসূরি বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা’র নেতৃত্বে দেশ এগিয়ে চলেছে। বঙ্গবন্ধু শেখ মজিবর রহমানের ৪৭তম শাহাদাত বার্ষিকীতে আয়োজিত আলোচনা সভায় তিনি উপরোক্ত কথাগুলো বলেন।

দর্শনা পৌর যুবলীগের সাবেক সাধারন সম্পাদক সাবির হোসেন মিকার সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আহব্বায়ক কমিটির সদস্য আজাদ আলী, হাফিজুর রহমান হাপু, আলমঙ্গীর আলম খোকা।

এছাড়া অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন জেলা, উপজেলা ও দর্শনা পৌর

সহ বিভিন্ন ইউনিয়নের নেতৃবৃন্দ।

দর্শনায় যথাযোগ্য মর্যাদায় শোক দিবস পালিত

দর্শনায় যথাযোগ্য মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে।

সোমবার সকাল ৯ টায় দর্শনার কেরুজ বাজার মাঠে দর্শনা পৌরসভার সকল শিক্ষা প্রতিষ্ঠান, রাজনৈতিক দলসহ সর্বস্তরের জনগণ মাঠে আসে দলে দলে র্যালি নিয়ে মাঠে আসে। এর পর জাতীয় পতাকা উত্তোলন ও অর্ধনমিত এবং কালো পতাকা উত্তোলন করা হয়।

বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন চুয়াডাঙ্গা ২আসনের মাননীয় সাংসদ হাজী মোঃ আলী আজগার টগর, দর্শনা পৌরসভার মেয়র মোঃ মতিয়ার রহমান। এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা আ.লীগের সভাপতি মোঃ মাহফুজুর রহমান মনজু, দামুড়হুদা উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ আলী মুনছুর বাবু, যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ গোলাম ফারুক আরিফ, দামুড়হুদা মুক্তিযোদ্ধা কমান্ডার রুস্তাম আলী, দর্শনা থানার অফিসার ইনচার্জ এএইচ এম লুৎফুল কবীর, দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, দামুড়হুদা উপজেলা ছাত্রলীগে সভাপতি আরিফ ইসলাম, দর্শনা পৌর ছত্রলীগের সভাপতি ববি, দর্শনা সরকারী কলেজ ছাত্রলীগের সভাপতি পারভেজ ও সাধারণ সম্পাদক তোফাজ্জের হোসেন তপু, এমপির পিএস শওকত আলী সুমন।

পরে দর্শনা অডিটোরিয়াম বঙ্গবন্ধু আন্তর্জাতিক ও মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র প্রদর্শণী অনুষ্ঠিত হয়।

অপরদিক কেরু এ্যান্ড কোম্পানী চিনিকলের আয়োজনে জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭ তম সাহাদাত বার্ষিকী যথাযোগ্য মর্যাদার সাথে পালন করেছে কেরু এ্যান্ড কোম্পানী। সকালে স্থানীয়

কেরুজ ক্লাব মাঠে প্রথমে জাতীয় পতাকা উত্তোলন, আলোচনা সভা, পুরস্কার বিতরন ও শেষে বিশেষ দোয়া সম্পন্ন করা হয়।

চিনিকলের ব্যবস্থাপনা পরিচালক মোঃ মোশারফ হোসেন প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

এ সময় বীর মুক্তিযোদ্ধা ও তাদের সন্তানগন, জি এম (কারখান) সুমন কুমার সাহা,জি এম (প্রশাসন) শেখ শাহাব উদ্দিন, জি এম (ডিস্টালারি) ফিদা হাসান বাদশা,জি এম (কৃষি) কেরুজ শ্রমিক ইউনিয়নের সভাপতি ফিরোজ আহমেদ সবুজ, সাধারন সম্পাদক মাসুদুর রহমান মাসুদ,সহ সভাপতি মোস্তাফিজুর রহমান সহ সম্পাদক খবির উদ্দিন সহ মিলের অন্যান্য বিভাগীয় কর্মকর্তা কর্মচারি শ্রমিক ও স্কুলের শিক্ষক ছাত্র ছাত্রীগন উপস্থিত ছিলেন।

দর্শনার গড়াইটুপি ব্রীজ মোড় থেকে ৩ মাদক ব্যবসায়ী গ্রেফতার

দর্শনার গড়াইটুপি ব্রীজ মোড়ে অভিযান চালিয়েছে তিতুদহ ক্যাম্প পুলিশ। এ অভিযানে প্রায় ১ হাজার পিচ ইয়াবাসহ গ্রেফতার করেছে ৩ মাদক ব্যবসায়ীকে।

গ্রেফতারকৃতরা হলেন চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার মেদেনিপুর গ্রামের মনিরুদ্দিনের ছেলে হাকিম (২৯) একই গ্রামের সামাদ আলীর ছেলে হাসিবুর (২৮) ও উথলী ইউনিয়নের সিংহনগর গ্রামের সামসুদ্দিনের ছেলে ওয়াসিম (২৭)।

পুলিশ জানায়, রোববার দুপুরে গোপন সংবাদের ভিত্তিত্বে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীবের নির্দেশনায় চুয়াডাঙ্গা সদর উপজেলার গড়াইটুপি ব্রীজ মোড়ের রাস্তার উপর মাদক বিরোধী অভিযান চালায় তিতুদহ ক্যাম্প পুলিশ।

এসময় উক্ত স্থানে ৩ জনের দেহ তল্লাশী করে ৯৯০ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার সহ তাদেরকে গ্রেফতার করেন।

দর্শনার তিতুদহ ক্যাম্প ইনচার্জ এস,আই আনোয়ারুল ইসলাম জানান, দুপুর দেড় টার দিকে ৪/৫ জন লোক স্থানীয় গড়াইটুপি মোড় দিয়ে যাওয়ার সময় পুলিশ দেখে পালানোর চেস্টা করে।

এ সময় পুলিশ ৩ জনকে ধরে ওদের দেহ তল্লাশি করে ৯৯০পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা সহ তাদেরকে গ্রেফতার করা হয়।

দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) এ,এইচ,এম লুৎফুল কবীর জানান, গ্রেফতারকৃতদের বিরুদ্ধে দর্শনা থানায় মাদক আইনে মামলা দায়ের সহ তাদেরকে আদালতে প্রেরনের প্রক্রিয়াধীন রয়েছে।

দর্শনা পৌরসভায় শোক দিবস উপলক্ষে প্রস্তুতি সভা

দর্শনায় জাতীয় শোক দিবস উপলক্ষে প্রস্তুতি মূলক সভা অনুষ্ঠিত হয়েছে। রোববার বেলা ১১ টার দিকে দর্শনা পৌরসভার আয়োজনে এ প্রস্তুতি মূলক সভা অনুষ্ঠিত হয়।

দর্শনা পৌর মেয়র মেয়র মতিয়ার রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে আলোচনা করেন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক প্রশাসক ও দামুড়হুদা উপজেলা আ.লীগের সভাপতি মাহফুজুর রহমান মনজু।

এসময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থেকে আলোচনা করেন, কেরু চিনিকলের মহা-ব্যবস্থাপক (প্রশাসন) শেখ শাহাব উদ্দীন, দর্শনা ডিএস ফাজিল মাদ্রাসারার অধ্যক্ষ শফি উদ্দীন, দর্শনা প্রবীণ কমিটির সভাপতি হাজি আকমত আলী, দর্শনা সরকারি কলেজের সহকারি অধ্যাপক নাজিম উদ্দীন।

এছাড়া অনুষ্ঠানে উপস্থিত আলোচনা করেন, বীর মুক্তিযোদ্ধা হাজী এরশাদ আলী মাষ্টার, আব্দুস সবুর, পৌরসভার সহকারী প্রকৌশলী সাজেদুল আলম, আ.লীগ নেতা আতিয়ার রহমান হাবু, জয়নাল আবেদীন নফর, আব্দুল হাকিম, আ.গফুর, কামাল উদ্দিন আহাম্মেদ সান্টু, আ. জলিল,

জাহিদুল ইসলাম, ফয়সাল, শিক্ষক হারুন অর রশিদ, আব্দুর রহিম, নাসির উদ্দীন মাষ্টার প্রমূখ।

জীবননগর সীমান্ত ইউনিয়ন আ.লীগের বর্ধিত সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়ন আওয়ামী লীগের বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার বিকেলে সীমান্ত ইউনিয়নের যাদুবপুর সরকারি প্রাথামিক বিদ্যালয়ে এই সভা অনুষ্ঠিত হয়।

সীমান্ত ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মালেক মোল্লার সভাপতিত্বে বর্ধিত সভায় প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

সভায় বিশেষ অতিথির বক্তব্য দেন জীবননগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক আবু মো. আব্দুল লতিফ অমল, উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি গোলাম মোর্তুজা,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান,দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ইসা, সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও ইউনিয়ন যুবলীগের সভাপতি ইসাবুল ইসলাম মিল্টন প্রমুখ।

সভায় বক্তারা এলাকার বিভিন্ন উন্নয়নমূলক কাজ করায় সংসদ সদস্য আলী আজগার টগরের প্রশাংসা করেন। তাঁরা এলাকার বেহাল সড়কগুলো সংস্কারের দাবি জানান।

প্রধান অতিথির বক্তব্যে সংসদ সদস্য আলী আজগার টগর বলেন, এলাকার বেহাল সড়কগুলো সংস্কারের জন্য কথা দেন।এবং তিনি আওয়ামী লীগ সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ড এলাকার সাধারন জনগনের মধ্যে তুলে ধরেন।

উক্ত অনুষ্ঠানটি সাবিক পরিচালনা করেন সীমান্ত ইউনিয়ন যুবলীগের

সাধারণ সম্পাদক সেকেন্দার আলী।

কার্পাসডাঙ্গায় কুড়িয়ে পাওয়া টাকা ফেরত দিয়ে প্রশংসায় ভাসছেন দুই ব্যবসায়ী

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা বাজারে কাস্টম মোড় সড়কে পড়ে থাকা বেশকিছু টাকা মালিক দিনমজুরের হাতে তুলে দিলেন কাস্টম মোড়ের দুই ব্যবসায়ী। এতে করে বাজারে প্রশংসায় ভাসছেন ওই দুই ব্যবসায়ী।

শুক্রবার সকাল ১০ টার দিকে দিনমজুর উপজেলার সদাবরি গ্রামের মো. সাগরের হরিয়ে যাওয়া টাকা তার হাতে তুলে দেন শ্রমিক নেতা ও ব্যবসায়ী আব্দুল মতিন খশরু ও রফিকুল ইসলাম।

এর আগে সকালের দিকে কাস্টম মোড়ে একটি মানিব্যাগে প্রায় সাড়ে ৮ হাজার টাকা কুড়িয়ে পান স্থানীয় দুই ব্যবসায়ী। শ্রমিক নেতা ও ব্যবসায়ী আব্দুল মতিন খশরু বলেন সকালের দিকে কাস্টম মোড়ে চটকাতলায় বসেছিলাম, এ সময় রাস্তার উপরে একটি মানিব্যাগ দেখতে পাই।

পরে সেটি কুড়িয়ে দেখি মানিব্যাগের ভেতর প্রায় সাড়ে ৮ হাজার টাকা আছে। পরে উপযুক্ত প্রমাণ দিলে সদাবরি গ্রামের দিনমজুর সাগরের হাতে টাকাগুলো তুলে দিই।

সঠিক মালিকের হাতে টাকাগুলো তুলে দিতে পেরে ভালো লাগছে। এ বিষয়ে সাগর বলেন, প্রমাণ নিয়ে টাকা আমার হাতে তুলে দিয়েছেন মতিন ভাই। আমি তার জন্য দোয়া করি, আল্লাহ যেন তার নেক হায়াত দেন।

চুয়াডাঙ্গায় আন্তজার্তিক যুব দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

চুয়াডাঙ্গা যুব উন্নয়ন অধিদপ্তর ও ওয়েভ ফাউন্ডেশনের তত্ত্বাবধানে চুয়াডাঙ্গায় আন্তজার্তিক যুব দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা যুব উন্নয়ন ভবনের সম্মেলন কক্ষে চুয়াডাঙ্গা যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক মাসুদ আহমেদ এর সভাপতিত্বে উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, যে কোনো দেশের যুব সমাজ সেই দেশের সবচেয়ে বড় শক্তি। গ্রেটা থানবার্গ থেকে শুরু করে মালালা ইউসুফজাই, এই যুব সমাজ বিশ্বজুড়ে জলবায়ু পরিবর্তন, মানবাধিকার লঙ্ঘন, এমনকি বর্তমান মহামারির মতো বিভিন্ন ঘটনায় পরিবর্তনের গুরুত্বপূর্ণ শক্তি হিসেবে কাজ করেছে। বিশ্বব্যাপী সামগ্রীক পরিবর্তন আনতে যুব সমাজের এই অবদানের জন্য প্রতি বছর এই দিনে আন্তর্জাতিক যুব দিবস পালিত হয়।

এ সময় তিনি আরও বলেন, এদেশের মুক্তি সংগ্রাম থেকে শুরু করে সকল গণতান্ত্রিক আন্দোলনে নেতৃত্ব দিয়েছে এ দেশের যুবসমাজ। শুধু তাই নয় দেশের রাজনীতি, অর্থনীতি ও সমাজকে আলোকিত করতে এই যুব সমাজের ভূমিকা অবিস্মরণীয়। যুবসমাজ এদেশের ক্রান্তিকালে সব সময় নিজেদের জীবনকে উৎসর্গ করার মধ্য দিয়ে নিজেরা যেমন হয়েছেন ইতিহাসের উজ্জ্বল স্বাক্ষী, তেমনিভাবে তাদের এই আত্মত্যাগ পরবর্তী প্রজন্মের জন্য হয়ে আছে চির অনুসরণীয়। এসময় তিনি যুব উন্নয়ন অধিদপ্তর ও ওয়েভ ফাউন্ডেশন কে ধন্যবাদ জ্ঞাপন করেন।

উক্ত আলোচনা সভায় সভাপতির বক্তব্যে চুয়াডাঙ্গা যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক মাসুদ আহামেদ বলেন, কোনো দেশের উন্নয়ন করতে হলে সেই দেশের যুবকদের দক্ষ কর্মী বাহিনী হিসেবে গড়ে তুলতে হবে। যুবকদের কঠোর পরিশ্রমের মাধ্যমে দেশের উন্নয়ন সম্ভব। বর্তমান সংকটময় পরিস্থিতি সমাধান করতে যুবকদের গুরুত্বপূর্ন ভূমিকা পালন করতে হবে।

চুয়াডাঙ্গা যুব উন্নয়ন অধিদপ্তর ও ওয়েভ ফাউন্ডেশনের আওতাধীন ব্রিটিশ কাউন্সিল এর লিড বাংলাদেশ প্রজেক্টের তত্বাবধানে চুয়াডাঙ্গায় এই আন্তজার্তিক যুব দিবস পালন করা হয়।লিড বাংলাদেশ প্রকল্প চুয়াডাঙ্গা ওয়েভ ফাউন্ডেশনের আওতাধীন যুব নেতৃত্ব বিকাশ ও নতুন যুব উদ্যোক্তা তৈরিতে কাজ করে যাচ্ছে। লিড বাংলাদেশ প্রকল্পের মাধ্যমে ইতিমধ্যে চুয়াডাঙ্গা ৫০০ জন যুবদের লিডারশীপ বিষয়ক ট্রেনিং সম্পন্ন করেছে।বর্তমানে তারা যুব উদ্যোক্তা তৈরি নিয়ে কাজ করছে ।

উক্ত আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ওয়েভ ফাউন্ডেশনের উপপরিচালক জহির রায়হান, চুয়াডাঙ্গা সদর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জাহাঙ্গীর আলম, লিড বাংলাদেশ প্রোজেক্টের সমন্বয়কারী শরিফুল আলম লিটন, লিড বাংলাদেশ প্রকল্প অফিসার মাসুদুর রহমান সহ যুব উন্নয়নের বিভিন্ন ট্রেডের শিক্ষক কর্মচারী বৃন্দ ওয়েভ ফাউন্ডেশন এর যুব উদ্যোক্তাগণ উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় সিআইজি সদস্যেদের আয়বৃদ্ধিকরণে বকনা, ষাঁড় ও ছাগী বিতরণ

ন্যাশনাল এগ্রিকালচার টেকনোলজি প্রোগ্রাম ফেজ-২ প্রজেক্ট (এনএটিপি-২) এর আওতায় অওঋ-২ উপ-প্রকল্পের অধীনে সিআইজি সদস্যেদের আয়বৃদ্ধিকরণে বকনা, ষাঁড় ও ছাগী বিতরণ অনুষ্টিত হয়েছে।

উপজেলা প্রাণীসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের আয়োজনে বৃহস্পতিবার সকাল ১০ টায় উপজেলা মঞ্চে এ অনুষ্ঠানটি অনুষ্টিত হয়।

অনুষ্ঠানে জেলা প্রাণীসম্পদ অফিসার ডা. মো: গোলাম মোস্তফার সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা ও ১ আসনের সংসদ সদস্য সোলাইমান হক জোয়াদ্দার ছেলুন এমপি।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পুলিশের এডিশনাল (এসপি) আনিসুজ্জামান লালন, জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মাসুদুজ্জামান লিটু বিশ্বাস,আলমডাঙ্গা উপজেলা নির্বাহি অফিসার রনি আলম নূর, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সালমুন আহম্মেদ ডন,আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সভাপতি আবু মুছা, সাধারণ সম্পাদক ইয়াকুব আলি মাস্টার, লিয়াকত আলী মোল্লা, আলমডাঙ্গা উপজেলা সহকারি কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা সোহেল রানা, সমাজ সেবা কর্মকর্তা নাজমুল হুসাইন, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক, বীর মুক্তিযোদ্ধা মইনুদ্দিন, বীর মুক্তিযোদ্ধা জকু, পৌর আওয়ামী লীগের সভাপতি দেলোয়ার হোসেন, জয়েন্ট সেক্রেটারি সাইফুল ইসলাম পিন্টু, কালিদাসপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আশাদুল হক মিকা, বেলগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মাহমুদুল হাসান চঞ্চল, আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) সাইফুল ইসলাম, উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা আব্দুল্লাহীল কাফি।